

মড়ক

সুবর্ণরেখার দুপাড়ে যারা দৌড়াচ্ছে
আপাতদৃষ্টিতে তারা বলবান
এবং মনে হতে পারে ওরাই
নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছে যাবে
কিন্তু এরা ভীষণ বোকা
দৌড়তে শিখেছে - থামতে শেখেনি।
ওরা কারও কথা শুনতে রাজি নয়
অন্য কোনও রাস্তায় ওরা দৌড়াচ্ছে ...দৌড়াচ্ছে
বস্তুতপক্ষে এটা একটা অসুখ
এবং এই সংক্রামক রোগ গ্রাম - শহরে
দ্রুত ছড়িয়ে পড়ছে
মহামারী শু হলে খিড়কির দরজা দিয়ে
ক'জন পালাবে?

দুর্গাদাস চট্টোপাধ্যায়

